গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd



নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ২৭৮ তারিখ: ২৪/১১/২০২৬ খ্রি.

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা- ২০২৬ (সাপ্লিমেন্টারী)- এর ফরম পূরণের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতিত) হয়েছে তাদের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা- ২০২৬ (সাপ্লিমেন্টারী)- এর পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে।

শাখা	তারিখ	সময়
বিজ্ঞান শাখা	২৫/১১/২০২৬ ও ২৬/১১/২০২৬	প্রতিদিন সকাল ৯.৩০ মিনিট হইতে দুপুর ১.০০ টা পর্যন্ত
মানবিক শাখা		
ব্যবসায় শিক্ষা শাখা		

ফিসের তালিকা:

(বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা)

পরীক্ষার্থীর প্রকৃতি	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিকসহ)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ১টা)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ২টা)	২ বিষয় অকৃতকার্য আইসিটিসহ ব্যবহারিক ২টি	শুধুমাত্র আইসিটি
টাকা=	৭৫৫/-	১০০৫/-	৮৯৫/-	১১৪৫/-	১২৮৫/-	১০৯০	৭০০/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। www.debendracollege.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করতে হবে।

০২। ডাউনলোডকৃত ফরম পূরণ করার পর নিয়মিত পরীক্ষার্থীরা ট্যাব/রকেট/বিকাশ/নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফিস জমা দিবে। ফরম পূরণের ফিসে গড়মিল থাকলে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১১০৭) যোগাযোগ করবে।

০৩। সকল পরীক্ষার্থীরা ফরম পূরণের ফিস জমা দানের পূর্বে আইসিটি বিভাগ (কক্ষ নং- ১১০৭) হতে এন্ট্রি করে নিতে হবে।

মোবাইল ব্যাংকিং ট্যাব/রকেট/বিকাশ/নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অত:পর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর তাদের ক্লাশ রোল নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে। রকেট/বিকাশ/ নগদ/উপায়- এর মাধ্যমে ফরম পূরণের ফি প্রদানের পর শিক্ষার্থীরা debendracollege.eshiksabd.com এ গিয়ে Login to EMS এ User Name: debendrastudent, Password: debendrastudent দিয়ে Log In করে Receipts print বাটনে ক্লিক করে Student Fee payment Receipts এর ঘরে রোল নম্বর দিয়ে Show payment List এ ক্লিক করলে টাকা জমার রশিদ প্রদর্শিত হবে। উক্ত রশিদ প্রিন্ট করে নিতে হবে।

অনলাইনে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করনীয়:

০১। পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ করে কমিটির নিকট (রসায়ন বিভাগের বারান্দা ও কলেজ লাইব্রেরী) থেকে যাচাই পূর্বক কলেজের হিসাব শাখায় অবশ্যই জমা দিতে হবে।

০২। ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজি: কার্ডের ও প্রবেশ পত্রের ফটোকপি ০১টি করে।

০৩। ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট শিটের অনলাইন কপি ০১ টি।

০৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙীন ছবি ০২টি।

০৫। ট্যাব/রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাব শাখা হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

২৪/১১/২০২৬

আহবায়ক
উচ্চ মাধ্যমিক (সাপ্লিমেন্টারি) পরীক্ষা ফরম পূরণ কমিটি/২০২৬
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

CamScanner